রাতের সব অংশেই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অর্থাৎ বিভিন্ন সময়ে) সালাত বিতর আদায় করতেন। রাতের প্রথমাংশে, মধ্যভাগে ও শেষাংশের সালাতে বিতর আদায় করতেন। রাতের শেষভাগে সাহরির সময় তার বিতর শেষ হতো।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাতের সকল অংশেই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অর্থাৎ বিভিন্ন সময়ে) সালাত বিতর আদায় করতেন।
রাতের প্রথমাংশে, মধ্যভাগে ও শেষাংশের সালাতে বিতর আদায় করতেন। রাতের শেষভাগে
সাহরির সময় তার বিতর শেষ হতো।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উম্মুল মু’মিনীন আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের বিতরের সালাতের সময় সম্পর্কে সংবাদ দিয়েছেন যে, তিনি রাতের সকল অংশেই (অর্থাৎ ভিন্ন ভিন্ন রাতে ভিন্ন ভিন্ন সময়ে) বিতরের সালাত আদায় করতেন। তিনি বিতরের সালাতের জন্য রাতের কোন অংশ নির্ধারিত করে রাখেন নি। রাতের সব অংশেই তিনি বিতরের সালাত আদায় করতেন। কখনও তিনি রাতের প্রথমাংশে ইশার সালাত আদায়ের পরে যতটুকু সম্ভব নফল পড়ে বিতর সালাত আদায় করতেন। আবার কখনও রাতের প্রথম তৃতীয়াংশ শেষে মধ্যভাগে, আবার কখনও তিনি রাতের দুই তৃতীয়াংশ শেষে রাতের শেষভাগে বিতরের সালাত আদায় করতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/5218